গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখ, ১৭আষাঢ়, ১৪২০ বঙ্গাব্দ/ ০১ জুলাই, ২০১৩ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ২১৩-আইন/আয়কর/২০১৩।- Income-tax Ordinance, 1984 (XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, Private Sector Power Generation Policy of Bangladesh এ নির্ধারিত সকল শর্ত পূরণ সাপেক্ষে, উক্ত Policy তে বর্ণিত ব্যবস্থা অনুসারে, দেশের যে সকল কয়লাভিত্তিক বিদ্যুৎ উৎপাদনকারী Private Power Generation কোম্পানী ৩০ জুন ২০২০ এর মধ্যে বিদ্যুৎ পস্নান্ট স্থাপনে চুক্তিবদ্ধ হইবে সে সকল Private Power Generation-

(১) কোম্পানীর কেবল বিদ্যুৎ উৎপাদন ব্যবসা হইতে অর্জিত আয়ের উপর, উহাদের বাণিজ্যিক উৎপাদনের তারিখ হইতে পরবর্তী ১৫ (পনের) বৎসরের জন্য;

(২) কোম্পানীতে কর্মরত বিদেশী ব্যক্তিগণের আয়ের উপর, বাংলাদেশে তাহাদের আগমনের তারিখ হইতে পরবর্তী ৩ (তিন) বৎসরের জন্য;

(৩) কোম্পানী কর্তৃক গৃহীত বৈদেশিক ঋণের উপর প্রদেয় সুদের উপর;

(৪) কোম্পানী কর্তৃক প্রদেয় Royalties, Technical Know-how and Technical Assistance Fees এর উপর;

(৫) কোম্পানীর শেয়ার হস্তান্তরের ফলে উদ্ভূত মূলধনী মুনাফার উপর;

উক্ত Ordinance এর অধীন প্রদেয় কর হইতে অব্যাহতি প্রদান করিল।

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

২। দফা ১ এ বর্ণিত-

(১) কোম্পানীগুলির মধ্যে যে সকল কোম্পানীর বাণিজ্যিক উৎপাদন ৩০ জুন ২০২৩ তারিখের পর আরম্ভ হইবে, সেই সকল কোম্পানী উক্ত সুবিধা প্রাপ্ত হইবে না; এবং

(২) কোম্পানীকে যথাযথভাবে হিসাব সংরক্ষণ করিতে হইবে এবং উক্ত Ordinance এর section 75 এ নির্ধারিত সময়ের মধ্যে আয়কর রিটার্ন সংশ্লিষ্ট আয়কর কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(সৈয়দ মোঃ আমিনুল করিম)
অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com